মানুষ যেন স্বল্পব্যয়ে ও স্বল্পসময়ে ন্যায়বিচার পায়: প্রধান বিচারপতি

চেম্বার ডেস্ক:: প্রধান বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকী বলেছেন, দেশের মানুষ যেন স্বল্পব্যয়ে এবং স্বল্পসময়ে ন্যায়বিচার পায়- এই হোক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের প্রত্যয়।

সোমবার (১৫ আগস্ট) দুপুরে সুপ্রিম কোর্টে জাতীয় শোক দিবস-২০২২ এর আলোচনা সভা ও স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এর আগে সকাল ৮টায় সুপ্রিম কোর্ট মসজিদে কোরআন খতম ও দোয়া অনুষ্ঠিত হয়।

তারও আগে সকাল ৬টা ৪০ মিনিটে দিকে ধানমণ্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন প্রধান বিচারপতি।

এসব কর্মসূচিতে প্রধান বিচারপতিসহ আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতিরা অংশগ্রহণ করছেন।

১৯৭৫ সালের ১৫ আগস্ট রাতে ঘাতকদের নির্মম বুলেটে ধানমন্ডির ৩২ নম্বর সড়কের ঐতিহাসিক ভবনে শহীদ হন হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সেই রাতে আরও প্রাণ হারান বঙ্গবন্ধুর সহধর্মিণী ফজিলাতুন্নেছা মুজিব, ছেলে শেখ কামাল, শেখ জামাল ও শেখ রাসেল, পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামাল, ভাই শেখ নাসের ও কর্নেল জামিল। ঘাতকদের বুলেটে আরও প্রাণ হারান বঙ্গবন্ধুর ভাগনে মুক্তিযোদ্ধা শেখ ফজলুল হক মণি, তার অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মণি, ভগ্নিপতি আবদুর রব সেরনিয়াবাত, শিশু বাবু, আরিফ খান রিন্টুসহ আরও অনেকে। দেশে না থাকায় প্রাণে বেঁচে যান বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ কন্যা বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার ছোট বোন শেখ রেহানা।